সমকাল

তারিখ 01 FEB 2016
পৃষ্ঠা ৪ কলাম ৬

### সংসদে শিক্ষামন্ত্রীর প্রতিবেদন

# ১২৮ শিক্ষকের মধ্যে ১১৪ জন ছুটিতে!

■ সমকাল প্রতিবেদক

বাংলাদেশ ইউনিভার্সিটি অব প্রফেশনালসের ১২৮ শিক্ষকের মধ্যে ১১৪ জন ছুটিতে রয়েছেন। ছুটিতে থাকা শিক্ষকদের মধ্যে একজন শিক্ষা ছুটিতে, বাকি ১১৩ জন অননুমোদিত বা বিনা বেতনে ছুটিতে রয়েছেন। সংসদের বৈঠকে বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশনের ২০১৪ সালের প্রতিবেদনে এ তথ্য দেওয়া হয়েছে। শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ গতকাল রোববার জাতীয় সংসদে এ প্রতিবেদন উত্থাপন করেন।

এতে দেখা গেছে, মাওলানা ভাসানী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের ২৪৫ শিক্ষকের মধ্যে ছুটিতে আছেন ১৪৪ জন। ঢাকা বিশ্ববিদ্যালয়ের দুই হাজার ১৫৬ শিক্ষকের মধ্যে ছুটিতে আছেন ৬৩১ জন। এর মধ্যে ২৬৪ জন শিক্ষা ছুটি, ২৬ জন প্রেষণে এবং ৩৪০ জন অননুমোদিত বা বিনা বেতনের ছুটিতে আছেন।

প্রতিবেদন অনুযায়ী দেশের ৩৫টি পাবলিক বিশ্ববিদ্যালয়ের ১২ হাজার ২৬০ শিক্ষকের মধ্যে কর্মরত আছেন নয় হাজার ৬৬৬ জন। দুই হাজার ৫৯৪ জন ছুটিতে আছেন। এসব বিশ্ববিদ্যালয়ের মোট শিক্ষার্থী ২৫ লাখ ৮৫ হাজার ১৩০ জন। এর মধ্যে ছাত্র ১৪ লাখ ৫৩ হাজার ১৫২ এবং ছাত্রী ১১ লাখ ৩১ হাজার ৯৭৮ জন। ঢাকা বিশ্ববিদ্যালয়ের মোট শিক্ষার্থী ৩০ হাজার ১৫ জন। এর মধ্যে ছাত্র ১৯ হাজার ৪১১ এবং ছাত্রী ১০ হাজার ৬০৪ জন। ?পাবলিক বিশ্ববিদ্যালয়গুলোর মধ্যে সবচেয়ে কম শিক্ষার্থী রয়েছে চট্টগ্রাম ভেটেরিনারি ও অ্যানিম্যাল সায়েন্স বিশ্ববিদ্যালয়ে। এখানে মোট শিক্ষার্থী ৮৯১ জন। যার ৫৬৩ জন ছাত্র ও ৩২৮ জন ছাত্রী।

২০১৪ সালের হিসাবে ঢাকা বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীদের মাথাপিছু ব্যয় ৯৭ হাজার ৪৪১ টাকা। এর আগের বছর এ ব্যয় ছিল ৮৪ হাজার ১৬০ টাকা পঞ্চাশ পয়সা। পাবলিক বিশ্ববিদ্যালয়গুলোর মধ্যে মাথাপিছু সবচেয়ে বেশি দুই লাখ ২৩ হাজার ৫৭১ টাকা ব্যয় হয়েছে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান কৃষি বিশ্ববিদ্যালয়ে।

**গঙ্গা ব্যারাজ নির্মাণে আগ্রহী বিশ্বব্যাংক :** পানিসম্পদ প্রতিমন্ত্রী মোহাম্মদ নজরুল ইসলাম বলেছেন, দেশের দক্ষিণ-পশ্চিম এলাকার আশীর্বাদ গঙ্গা ব্যারাজ নির্মাণের নকশা প্রণয়ন শেষ পর্যায়ে রয়েছে। এ ব্যারাজ নির্মাণে অর্থায়নের জন্য দাতা সংস্থা খোঁজা হচ্ছে। তবে বিশ্বব্যাংকসহ অনেকেই ব্যারাজ নির্মাণে অর্থায়ন করতে আগ্রহ প্রকাশ করেছে। এখন প্রধানমন্ত্রীর নির্দেশনা পেলেই এ প্রকল্পের কাজ শুরু হবে বলেও জানান তিনি। গতকাল বাংলাদেশ ন্যাশনালিস্ট ফ্রন্টের (বিএনএফ) এস এম আবুল কালাম আজাদের এক সম্পূরক প্রশ্নের জবাবে এ কথা বলেন প্রতিমন্ত্রী।